"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

**ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED**

**(An Enterprise of Bangladesh Power Development Board)**

Unique Heights (Level-15 & 16), 117, Kazi Nazrul Islam Avenue, Eskaton Garden, Dhaka-1217

Tel: 55138633-36 (PABX), Fax: 880-2-55138637, E-mail: info@egcb.com.bd, Web: www.egcb.gov.bd

নং-২৭.২৭.২৬৬৬.১০১.০৫.০২৮.১৯-১৬৮৫

তারিখঃ ০৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড (বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)-এ গাড়ী চালক (গ্রেড-৪) পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম, পদের সংখ্যা ও বেতন | প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|
| **গাড়ি চালক (গ্রেড-৪),**<br>**৭টি পদ,**<br>**মূল বেতনঃ** টাকা ১৫,৫০০.০০<br>এছাড়া বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়। | **শিক্ষাগত যোগ্যতাঃ** এসএসসি/সমমান পাস।<br>**অভিজ্ঞতাঃ** বৈধ লাইসেন্সধারী হিসেবে গাড়ি চালনায় অবশ্যই ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, নড়াইল, বাগেরহাট, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি ও পটুয়াখালি।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধি কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

**সাধারণ শর্তাবলীঃ**

১। সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা সরকারি মালিকানাধীন কোম্পানীতে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

২। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না। কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য হতে বিধি মোতাবেক মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষার জন্য ডাকা হবে।

৩। ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জারীকৃত ১৮.১০.২০২০ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০৩৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রে বর্ণিত ৩৩ (তেত্রিশ) ধরণের প্রমাণক/ গেজেট এর যেকোন একটিতে আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তার নাম থাকতে হবে। উক্ত নামের সাথে আবেদনপত্রে উল্লিখিত বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম এবং ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

খ) আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানার সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।

৪। সাধারণ প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩০ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর। তবে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩০ বছর। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ আগস্ট ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ সংখ্যক স্মারক অনুযায়ী ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা নির্ধারিত হবে। ইজিসিবি লিঃ-এ কর্মরতদের ক্ষেত্রে বয়সসীমা ১০(দশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। সে ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫। গাড়ী চালনার জন্য বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত বৈধ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা কম বা বেশী হতে পারে।

৭। প্রার্থীকে খামের উপর আবেদনকৃত পদের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৮। নিয়োগকৃতদের ইজিসিবি লিঃ এর অধীনস্থ যে কোন এলাকায় বিদ্যুৎ কেন্দ্র/স্থাপনা/প্রকল্পে কাজ করতে হবে।

৯। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০। আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সনদপত্র দাখিল করতে হবে।

১১। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে। জেলা প্রশাসক ব্যতিত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।

১২। প্রতিবন্ধী কোটার প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১৩। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে বা তৎপরবর্তীতে উক্ত প্রার্থীর প্রার্থিতা প্রার্থীকে কোনরূপ অবহিত করণ ব্যাতিরেকে বাতিল করা হবে।

১৪। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। কোন প্রকারের তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমান করবে।

১৬। ইজিসিবি এর ওয়েবসাইট www.egcb.gov.bd-এ নির্ধারিত আবেদন ফরম পাওয়া যাবে। উক্ত ফরম ডাউনলোড করে উহা যথাযথভাবে পূরণ করত: উহার সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মার্কশিট/ট্রান্সক্রিপ্ট, বৈধ ড্রাইভিং লাইসেন্স, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ও অন্যান্য কার্যক্রম সংক্রান্ত সনদ পত্র, জাতীয় পরিচয় পত্র (যদি থাকে), স্থায়ী ঠিকানার স্বপক্ষে স্ব স্ব এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র এর সত্যায়িত অনুলিপি, ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন সত্যায়িত ছবি, ৬/- টাকা মূল্যের ডাক টিকিটযুক্ত বর্তমান ঠিকানাসহ ফেরত খাম, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিঃ এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আগামী ১৪/১১/২০২১ তারিখের মধ্যে (অফিস চলাকালিন) মহাব্যবস্থাপক (এইচআর), কর্পোরেট অফিস, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিঃ, ইউনিক হাইটস (লেভেল-১৫ ও ১৬), ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১২১৭ বরাবরে পৌঁছাতে হবে।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজিসিবি লিঃ কর্তৃপক্ষ উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলসহ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫/১০/২০২১

মহাব্যবস্থাপক (এইচআরএম)
কর্পোরেট অফিস, ইজিসিবি, ইউনিক হাইটস (লেভেল-১৫ ও ১৬)
১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১২১৭।